তারিখ 17 MAY 2013
৭৯ কলাম ২

বান্ধবীকে উত্ত্যক্তের জের

# জাবিতে ৬ শিক্ষার্থীকে পেটাল ছাত্রলীগ ক্যাম্পাসে উত্তেজনা

■ জাবি সংবাদদাতা

বান্ধবীকে উত্ত্যক্তের জের ধরে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাজিব আহমেদ রাসেলের নেতৃত্বে ছাত্রলীগ নেতাকর্মীরা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ছয় ছাত্রলীগ কর্মীকে পিটিয়ে আহত করেছে। গুরুতর আহত অবস্থায় একজনকে সাভারের এনাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। শনিবার রাত সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের ফজিলাতুন্নেছা হলের সামনে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাজিব আহমেদ রাসেল ফজিলাতুন্নেছা হলের সামনে দিয়ে রিকশা করে তার বান্ধবীকে নিয়ে যাচ্ছিলেন। এ সময় তার বান্ধবীকে উদ্দেশ করে কটূক্তি করা হলে রাজিবের নেতৃত্বে ছাত্রলীগের নেতাকর্মীরা তাদের বেধড়ক পিটিয়ে আহত করে।